সিলেট সিটি কর্পোরেশনের মেয়র জনাব আনোয়ারুজ্জামান চৌধুরী এর জীবন বৃত্তান্ত

সিলেট জেলার ওসমানীনগর উপজেলার বুরুঙ্গী ইউনিয়নের পশ্চিম তিলাপাড়া একটি মনোরম গ্রাম। ছায়াসুনিবিড় শান্তির নীড় এই গ্রামের এক সম্রান্ত মুসলিম পরিবারে নৌশা মিয়া চৌধুরী এবং মোছাম্মত গহিনুদ্দেছা চৌধুরীর ঘর আলোকিত করে ১৯৭০ সালের ১ জুন জন্ম নেন আনোয়ারুজ্জামান চৌধুরী। তাঁর দাদা মোঃ আছলম চৌধুরী। ৬ ভাইয়ের মধ্যে আনোয়ারুজ্জামান চৌধুরী সবার ছোট। তিনি তিন পুত্র সন্তানের জনক। তাঁর স্ত্রীর নাম হলি চৌধুরী, তিনি পেশায় একজন হেলথ এডভোকেট। আনোয়ারুজ্জামান চৌধুরী যুক্তরাজ্য ভিত্তিক আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা নিউহাম বেঙ্গলী কমিউনিটি ট্রাস্ট (এনবিসিটি) এর কো-অর্ডিনেটর ছিলেন। এছাড়া তিনি যুক্তরাজ্য যুবলীগের সাধারণ সম্পাদক ও সভাপতি এবং বাংলাদেশের আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য ছিলেন।

জনাব আনোয়ারুজ্জামান চৌধুরী যুক্তরাজ্যে ইউথ ওয়ার্কার পেশার সাথে জড়িত ছিলেন এবং বর্তমানে যুক্তরাজ্য ও নিজ এলাকার শিক্ষার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছেন। জনাব আনোয়ারুজ্জামান চৌধুরী তৃণমূল থেকে গড়ে ওঠা একজন রাজনীতিবিদ। তিনি ১৯৭৮ সালে পশ্চিম তিলাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হন এবং পরে বুরুঙ্গা উচ্চ বিদ্যালয় থেকে এসএসিস পাশ করেন। এসএসিস পাশ এর পরে তিনি সিলেট সরকারি কলেজ ভর্তি হোন। সরকারি কলেজে অধ্যায়নরত অবস্থায় জনাব আনোয়ারুজ্জামান চৌধুরী স্বৈরাচার বিরোধী আন্দোলনে সিলেটের রাজপথে সক্রিয় ভূমিকা পালন করেন। পরবর্তীতে তিনি যুক্তরাজ্য গমন করেন এবং সেখানে তিনি ইউনিভার্সিটি অফ গ্রীণউইচ থেকে ডিপ্লোমা ইন ইউথ এন্ড কমিউনিটি ষ্টাডিজ সম্পন্ন করেন। তিনি যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অফ এসেক্স থেকে বিজনেস ম্যানেজমেন্ট এ উপর স্নাতক ডিগ্রি লাভ করেন। এছাড়া লন্ডনের টাওয়ার হ্যামলেটস কলেজে থেকে এক্সেস টু ইউথ এন্ড কমিউনিটি বিষয়ে অধ্যায়ন করেন। তিনি লন্ডনের নিউহ্যাম কমিউনিটি কলেজ থেকে ইন্ট্রোডাকশন টু সোশ্যাল ওয়ার্কের উপর সার্টিফিকেট কোর্স করেন। ইউনিভার্সিটি অফ গ্রীণউইচ থেকে তিনি ডিপ্লোমা ইন ইউথ এন্ড কমিউনিটি ষ্টাডিজ সম্পন্ন করেন।

১৯৮৮ সাল থেকে ১৯৯০ সাল পর্যন্ত জনাব আনোয়ারুজ্জামান চৌধুরী সিলেট সরকারি কলেজে লেখা পড়া অবস্থায় ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রলীগ থেকে ছাত্র মিলনায়তন সম্পাদক পদে নির্বাচন করেন।

সর্বশেষ তিনি যুক্তরাজ্য আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ছিলেন এবং গত ২১শে জুন ২০২৩ তারিখে বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকে তিনি সিলেট সিটি কর্পোরেশনের মেয়র নির্বাচিত হন।